

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.৫১.০১৭.২৩-৫৭৩

তারিখ : ১৪ বৈশাখ ১৪৩৩
২৭ এপ্রিল ২০২৬

বিষয় : পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তি (রঞ্জীন) বহল প্রচলিত ০৭ (সাত)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী ২৭ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



বেপরোয়া বা অবহেলাজনিত মোটরযান চালনা বন্ধকরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তথাকথিত “বাস লাভার” বা অনুরূপ প্ল্যাটফর্মে ঝুঁকিপূর্ণ ড্রাইভিং-এর ভিডিও ধারণ ও প্রচারের ঘটনা পরিলক্ষিত হচ্ছে, যা সড়ক নিরাপত্তাকে মারাত্মকভাবে বিঘ্নিত করছে এবং অন্যান্য চালকদের মধ্যেও এ ধরনের বিপজ্জনক আচরণ করতে প্ররোচনা সৃষ্টি করছে। বেপরোয়া গতিতে মোটরযান চালানো, ঝুঁকিপূর্ণভাবে ওভারটেকিং, বাউলি কাটা, অন্য যানবাহনকে চাপ প্রয়োগ করে অগ্রসর হওয়া এবং স্টিয়ারিং নিয়ন্ত্রণের সময় দায়িত্বজ্ঞানহীন অজ্ঞাভঙ্গি প্রদর্শন সড়ক পরিবহন আইন, ২০১৮ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ এবং এ ধরনের কার্যকলাপ সড়ক দুর্ঘটনার অন্যতম প্রধান কারণ। সামাজিক যোগাযোগ মাধ্যমে বা অনলাইনে প্রচারের উদ্দেশ্যে ঝুঁকিপূর্ণ ড্রাইভিং-এর ভিডিও ধারণ, প্রচার বা এ ধরনের কার্যক্রমে উৎসাহ প্রদান করা হলে সংশ্লিষ্ট পেইজ বা অনলাইন প্ল্যাটফর্মের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সড়ক পরিবহন মালিক সংগঠন ও সংশ্লিষ্ট পরিবহন কোম্পানিকে তাঁদের অধীনস্থ চালকদের উপর নজরদারি ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিআরটিএ

পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ সদর কার্যালয়
বনানী, ঢাকা-১২১২।

২৭.০৪.২৬
মোঃ ফারুক আহমেদ
উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ই-মেইল : dde2@brta.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।